# 133076 - কাফ্ফারা হিসেবে শিশুদেরকে খাওয়ালে কি আদায় হবে?

প্রশ্ন

শপথ ভঙ্গের কাফ্ফারার ক্ষেত্রে শিশুরা কি মিসকীন হিসেবে গণ্য হবে? খাবার খাওয়ানোর ক্ষেত্রে কি নির্দিষ্ট কোন খাবার আছে; নাকি যে কোন খাবার হলে চলবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

যিনি শিশুদের লালন-পালন করেন তিনি যদি শরিয়তের দৃষ্টিতে গরীব হন এবং শিশুদের এমন কোন সম্পদ না থাকে যা থেকে তাদের খরচ চালানো যাবে তাহলে এমন শিশুরা কাফ্ফারার হকদার মিসকীনদের অধীনে পড়বে।

দুই:

কাফ্ফারা ক্ষেত্রে ধর্তব্য হল—মধ্যম মানের যে খাবার কাফ্ফারা আদায়কারী সাধারণত নিজে খান বা নিজের পরিবার-পরিজনকে খাওয়ান; যেমন—খেজুর, গম, ভুট্টা বা চাল ইত্যাদি।

আল্লাহ্ই তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারপরিজন ও তাঁর সাথীবর্গের উপর আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।

ফতোয়া ও গবেষণা বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ্ বিন গুদইয়ান, শাইখ আব্দুল্লাহ্ বিন কুয়ুদ।

ফাতাওয়াল লাজনাহ আদ্দায়িমা (৯/২১৯)